



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-৮৫/৮৭৫/৪

তারিখঃ ১৪.০২.২০১৮খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ রফিকুল ইসলাম এর পরিবর্তে অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ আমিনুল ইসলাম, পিতা-মোঃ আব্দুস ছাত্তার বেপারীকে মনোনয়ন দেয়া জন্য মোঃ তাজুল ইলাম চৌধুরী এম.পি, সভাপতি- বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক ডিওপত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া একই বিষয়ে সংসদ সদস্য, ৩০২ মহিলা আসন-২ জনাব সফুরা বেগম ও কুড়িগ্রাম জেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ জাফর আলী (সাবেক এম.পি) পৃথক পৃথকভাবে সুপারিশ করেছেন।

বর্ণিত অবস্থায় ডিও পত্র ও সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গেভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৩৭৫৩/২/নথি নং- কুড়ি-৮৫; তারিখঃ ২৩/১১/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ রফিকুল ইসলাম এর পদ কেন বাতিল করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সভাপতি, নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-৮৫/৮৭৫/৪

তারিখঃ ১৪.০২.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৪. সুপার, নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
৫. সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪